

ISSN 0976-9463

Volume 28 • Issue 1 • Number 49

অবুএকসব

৪৯

An International Peer-reviewed Refereed Research Journal on Arts & Humanities

কলা ও মানববিদ্যা বিষয়ক গবেষণাধর্মী পিয়ার-রিভিউড রেফার্ড পত্রিকা

দ্বি  
তী  
য়  
খ  
ণ্ড

ক  
দ্র  
শ  
দ  
র্শ  
ন

বিশেষ সংখ্যা

কাজী নজরুল ইসলাম

সম্পাদনায়

তপন মন্ডল || শামস্ আল্দীন



দি গৌরী কালচারাল এন্ড এডুকেশনাল অ্যাসোসিয়েশন



Scanned with OKEN Scanner



## নজরুলের কাব্যগীতিতে প্রেমভাবনা তীর্থরাজ বিশ্বাস

বাংলা সাহিত্যে কাজী নজরুল ইসলামের আবির্ভাব বিশ শতকের বিশের দশকের গোড়ার দিকে। সমগ্র ভারতবর্ষ তখন পরাধীনতার বেড়াজালে আবদ্ধ। সেই অশান্ত রাজনৈতিক প্রেক্ষিতে মানবদরদি নজরুল দেশকালের উর্ধ্বে উঠে প্রকৃত মানবতাবাদীর ভূমিকায় উদ্ভীর্ণ হয়ে অশান্তির মধ্যেও প্রেম ও শ্রদ্ধার বীজ বপন করেছিলেন। তাঁর সৃষ্টিতে বিপ্লবী ও বিদ্রোহীভাব যত সহজে উদ্দীপনা সঞ্চার করেছে ঠিক তেমনই প্রেমের লাভণ্যময়, মধুর রূপ নিবিড় অনুভূতি জাগিয়েছে। কবির ‘এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী আর হাতে রণতুর্য’। কোনও কবির নামের পূর্বে নির্দিষ্ট কোনো বিশেষণ জুড়ে দিলে হয়তো সেই কবির শিল্পীসত্তার সামগ্রিক রূপ ধরা যায় না। কবি নজরুল সংগ্রামে যেমন বজ্রের মতো কঠিন, প্রণয়ে তেমনই কুসুম-কোমল। কাব্যিক ভাববাণী থেকে নজরুলের শিল্পীসত্তাকে অনুভব করা যায়। কারণ, বিদ্রোহী তিনিই হতে পারেন যিনি যথার্থ প্রেমিক। তাই সমালোচক বলেন—

বিদ্রোহী কবি বললে যে একমেবাদ্বিতীয়ম কবিকে বোঝায় এবং তাঁর যে রূপটি আমাদের সামনে উদ্ভাসিত হয় সেটিই তাঁর একমাত্র পরিচয় নয়, এর বাইরেও রয়েছে তাঁর কবি-মানস যা তাঁর সৃষ্টির মধ্যে সাফল্যের মালা নিয়ে প্রতীক্ষা করছে, তিনি যে মানব-মনের চিরন্তন আকুলি-বিকুলি, প্রেম-বিরহ, ব্যথা-বেদনার মধুময় মুহূর্তের রূপ সার্থকভাবে ফুটিয়ে আমাদের মন ভুলিয়েছেন এ পরিচয় আমাদের অনেকেরই অগোচরে রয়ে গেল।’

ব্যক্তিগত জীবনে প্রেমের ছোঁয়া তাঁর সৃষ্টিকে দিয়েছে অভিনবত্ব। নজরুলের শিল্প, সাহিত্যে নজরুলের বিরহী, অভিমানী অতৃপ্ত রূপ ধরা পড়ে। জীবনের একেবারে প্রথম পর্বে যখন তিনি সৈন্যবাহিনীতে যোগদান করবেন ঠিক তার প্রাক্‌মুহূর্তে এক রূপবতী কিশোরীর প্রতি তিনি দুর্বল হয়ে পড়েন। ওই বয়সে সাধারণ রক্ষণশীল পরিবারে কোনো তরুণ-তরুণীর প্রেমের যা পরিণতি হয় ওই মেয়েটির এবং নজরুলের ক্ষেত্রেও তাই হয়েছিল। প্রেমে আঘাত পেয়ে কবি সৈন্যবাহিনীতে যোগ দেন। সেই পর্বে লেখা ‘ব্যথার দান’ বইটির বিভিন্ন